দামুড়হুদায় যথাযথ মর্যাদায় শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী উদযাপন

দামুড়হুদায় যথাযথ মর্যাদায় শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯১ তম জন্মবার্ষিকী উদযাপন পালন করা হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী, প্রধানমন্ত্রী শেখ হাসিনার মা, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯১ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ করা হয়। ১৯৩০ সালের ৮ আগষ্ট গোপালগঞ্জ টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন তিনি।

দিবসটি উদযাপন উপলক্ষে রবিবার সকাল ১০ টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি জানান উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন। এরপর শ্রদ্ধাঞ্জলি জানান উপজেলা বীর মুক্তিযোদ্ধারা, উপজেলা আঃলীগ, দামুড়হুদা প্রেসক্লাব, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর। পুষ্পস্তবক শেষে শেখ ফজিলাতুন্নেছা মুজিবের সন্মানে এক মিনিট নিরাবতা পালান করে তাঁর আত্মার মাগফিরাত কামনায় দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দোয়া অনুষ্ঠান শেষে উপজেলা পরিষদ সন্মেলন কক্ষে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আযোজনে আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ৬ জন অসহায় নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনসুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আঃলীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান মঞ্জু,উপজেলা বীর মুক্তিযোদ্ধা’র সাবেক কমান্ডার আছির উদ্দিন,মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান কাজল,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সদর ইউনিয়ন আঃ

লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উজেলা শ্রমিক লীগের সভাপতি হাজী আঃ কাদির, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আঃ মতিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকি সালাম, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা নির্বাচন অফিসার ইসহাক, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ূব আলী, উপজেলা আনসার ও জিডিপি প্রশিক্ষক চায়না খাতুন প্রমূখ।

অনুষ্ঠানে বক্তারা বলেন,শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছিলেন একজন আদর্শ ও নীতিবান নারী।সবসময় স্বামীর রাজনৈতিক জীবনের প্রতিটি সঙ্কটে পরামর্শ দিয়ে পাশে থেকেছেন। আওয়ামী লীগের নেতাকর্মীদের যে কোনো বিপদে-আপদে পাশে থেকে সবসময় জুগিয়েছেন সাহস।যিনি ১৯৩০ সালের এই দিনে (৮ আগস্ট) গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন তিনি। ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাত্রিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তিন ছেলে, দুই পুত্রবধূ, আত্মীয়-স্বজনসহ দুষ্কৃতকারীদের গুলিতে তিনি শাহাদতবরণ করেন।শেখ ফজিলাতুন্নেছা মুজিব দেশের মানুষের কাছে বঙ্গমাতা হিসেবে পরিচিত। মাত্র ৩ বছর বয়সে তিনি বাবা শেখ জহুরুল হক ও ৫ বছর বয়সে মা হোসনে আরা বেগমকে হারান। তাঁর ডাক নাম রেনু।

ফজিলাতুন্নেছার দাদা শেখ কাসেম কশোরী বয়সেই তাঁকে বিয়ে দেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে। বয়স কম থাকার কারণে শাশুড়ি (বঙ্গবন্ধুর মা) সাহেরা খাতুন ফজিলাতুন্নেছাকে নিজের সন্তানদের সঙ্গে মাতৃস্নেহে লালন-পালন করেন। গোপালগঞ্জ মিশন স্কুলে তিনি প্রাথমিক লেখাপড়া করেন। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক প্রেরণা, শক্তি।

মেহেরপুরে নতুন করে আরও ৩৮ জন করোনা আক্রান্ত! মৃত্যু-১

মেহেরপুরে নতুন করে আরও ৩৮ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ১ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২৩ জন, গাংনীতে ০৭ জন, মুজিবনগর ০৮ জন।

রবিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ২০৫ টি। তারমধ্যে ৩৮ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫২৮ জন। তার মধ্যে সদরে ১৭০ জন, গাংনীতে ২৬৬ জন এবং মুজিবনগরে ৯২ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৫৮ জন । মৃতদের মধ্যে সদরে ৭০ জন, গাংনী ৫৩ জন ও মুজিবনগরে ৩৫ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

বাইরে মুক্তির কল্লোল ও বন্দী একটি পরিবার

আজ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ৯১তম এর জন্মদিন। ‘অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর’ এ কথাটির জ¦লন্ত প্রমাণ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবকে ‘বঙ্গবন্ধ’◌ুতে রূপদান করেছেন ছায়ার মত পাশে থেকে। তাঁর পারিবারিক জীবনের ত্যাগ বঙ্গবন্ধুকে নির্ভার হয়ে রাজনৈতিক কর্মকান্ড চালিয়ে যেতে সাহায্য করেছে। বঙ্গবন্ধুর প্রতিটি বিপদে, আন্দোলন-সংগ্রামে তিনি সাহস যুগিয়েছেন। তাঁকে পরিবারের কোন ব্যক্তিগত বা আর্থিক টানা পোড়েনের বিষয় বঙ্গবন্ধুর কাছে তুলে ধরার ইতিহাস দেখা যায়না। নিজে বরং বিভিন্ন সময়ে বঙ্গবন্ধুকে টাকা পাঠিয়েছেন। জেল খানায় গিয়ে দেখাক রেছেন। কখনো বলতে দেখা যায়নি যে, তিনি বঙ্গবন্ধুকে রাজনীতি ছেড়ে দিয়ে সংসার মুখী হতে বলেছেন। বরং পরম ভালবাসায় বঙ্গবন্ধুকে সিক্ত করেছেন। পরিবার টিকে তিনি আগলে রেখেছেন যেমন মা পাখি তার বাচ্চাদের আগলে রাখে।

বঙ্গমাতাকে জানা মানে বাংলাদেশের ইতিহাসকে জানা। ইতিহাসের তিনি এক জীবন্তসাক্ষী। তাই বারবার তিনি পত্রিকায় ওঠে এসেছেন।

[illegible]

মুজিবনগর থানা পুলিশ সদস্যদের অগ্নিনির্বাপক প্রশিক্ষণ

মেহেরপুরের মুজিবনগর থানা পুলিশ সদস্যদের জরুরি অগ্নিনির্বাপক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। রবিবার বিকাল সাড়ে ৪ টার সময় মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর উদ্দ্যোগে মুজিবনগর থানা প্রাঙ্গনে অগ্নি নির্বাপণ ও উদ্ধার মহড়া ও প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

মহড়ায় জরুরী অবস্থায় কোথাও আগুন লাগলে কিভাবে নিভাতে হয় তার ওপর বিভিন্ন কর্মকান্ড দেখানো হয়।
বিশেষ করে গ্যাস সিলিন্ডার, সহ ছোট খাটো আগুন লাগলে কিভাবে তাৎক্ষণিক আগুন নিয়ন্ত্রণ করা যায় তার বাস্তবধর্মী প্রশিক্ষণ সহ পুলিশ সদস্যদের নানা বিষয়ে বাস্তব জ্ঞান প্রদান করেন মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর স্টেশন অফিসার আব্দুর রাজ্জাক।

এসময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল হাশেম, (ওসি) তদন্ত শরিফুল ইসলাম, সেকেন্ড অফিসার এসআই মোমিনুর রহমানসহ পুলিশ সদস্যবৃন্দ। এসময় মেহেরপুর ফায়ার সার্ভিসে ও সিভিল ডিফেন্স স্টেশন অফিসার আব্দুর রাজ্জাক এর নেতৃত্বে স্টেশন এর সদস্যবৃন্দরা জরুরি অগ্নিনির্বাপক মহড়া প্রদর্শণ করেন।

মেহেরপুরে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের

জন্মবার্ষিকী পালন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯১তম জন্মবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা, সেলাইমেশিন বিতরণ ও সেলস্/ ডিসপ্লে সেন্টার উদ্বোধন করা হয়েছে । রোববার বিকেলে জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কার্যালয় চত্বরে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজিত অনুষ্ঠানে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক রামচন্দ্র দাস, বিশেষ অতিথি মহিলা বিষয়ক অধিদপ্তরের যুগ্ম-সচিব ও প্রকল্প পরিচালক আইজিও তরিকুল আলম, পুলিশ সুপার রাফিউল আলম। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নাছিমা খাতুন।
বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের মধ্যদিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এসময় ১৫ জন নারীর মাঝে সেলাইমেশিন বিতরণ করা হয়েছে। সেলাইমেশিন বিতরণ শেষে বিভিন্ন নারী উদ্দ্যোক্তাদের হাতের তৈরি সামগ্রী বিপণনের জন্য সেলস্ সেন্টারের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।
এছাড়াও উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোজাহিদুল ইসলাম, জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা আনিসুর রহমান, পিপি এ্যাডঃ পল্লব ভট্টাচার্য।

গাংনী উপজেলা আওয়ামীলীগের আয়োজনে বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছার জন্ম দিন পালন

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯১ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল করেছে গাংনী উপজেলা আওয়ামীলীগ।
রবিবার সকালে উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব

করেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা। প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর -২ গাংনী আসনের সংসদ সদস্য জনাব মোঃ সাহিদুজ্জামান খোকন এমপি। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, এম পি পত্নি লাইলা আনজুমান বানু উপজেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক নাজমুল হুদা বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাষ্টার, কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহাম্মেদ।

সভায় বঙ্গবন্ধুর নেতৃত্বে দীর্ঘ লড়াই সংগ্রামের মধ্য দিয়ে স্বাধীনতা লাভের নেপথ্যে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছার প্রেরণা তুলে ধরা হয়। পরে তার আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও কেক কাটা হয়। দোয়া পরিচালনা করেন সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। অনুষ্ঠানে আওয়ামীলীগ সহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে বঙ্গমাতার জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ

“বঙ্গমাতা সংকটে সংগ্রামে নির্ভীক সহযাত্রী” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯১ তম জন্মবার্ষিকী উদ্যাপান করা হয়েছে। উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে রবিবার (৮আগষ্ট) বেলা ১২ টার দিকে পরিষদ মিলনায়তনে জন্মবার্ষিকী উদ্যাপন করা হয়। দিবসটি উপলক্ষে আলোচনা সভা সেলাই মেশিন বিতরণ ও নগদ অর্থ প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।
উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দীন, উপজেলা পরিষদের ভাইস

চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি প্রমূখ। এছাড়াও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম,উপজেলা আ.লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, কুশনা ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, মিজানুর রহমান খাঁন সহ আওয়ামীলীগ ও এর অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে নিখোঁজ সন্তানের খোঁজ পেতে প্রতিবন্ধী ভিক্ষুক মায়ের আকুতি

ঝিনাইদহের কোটচাঁদপুরে নিখোঁজের ২৩ দিনেও সন্ধান মেলেনি স্কুল শিক্ষার্থী ১০ বছরের শিশু স্বাধীনের। এদিকে সন্তানের খোঁজ পেতে ছেলের ছবি হাতে দারে দারে ঘুরছেন প্রতিবন্ধী ভিক্ষুক মা কাজল বেগম। নিখোঁজের ঘটনায় এরইমধ্যে স্থানীয় কোটচাঁদপুর মডেল থানায় সাধারণ ডায়েরী (জিডি) করেও কোন প্রতিকার হয়নি।
স্বাধীনের প্রতিবন্ধী মা কাজল বেগম বলেন, গত ১৭ জুলাই কোটচাঁদপুর পৌর শহরের রেলস্টেশন পাড়ার ভাড়া বাড়ি থেকে সকাল ১০ টার দিকে বের হয়ে যায় স্বাধীন। পরে আর বাড়িতে ফেরেনি। নিখোঁজের ২৩ দিন পার হলেও এখনো সন্ধান মেলেনি শিশু স্বাধীনের। একমাত্র ছেলের খোঁজ না পেয়ে পাগল প্রায় প্রতিবন্ধী মা কাজল বেগম। তিনি বলেন, আমার স্বামী দ্বিতীয় স্ত্রী নিয়ে ঈশ্বরদী বসবাস করে। আমি ভিক্ষা করে আমার ছোট ছেলে-মেয়ে কে মানুষ করছি। এর আগেও সে ট্রেনে করে বিভিন্ন স্থানে চলে যায়। পরে নিজের ইচ্ছায় বাড়িতে চলে আসে।
কিন্তু এবার নিখোঁজের এতোদিন পার হলেও এখনো আমার ছেলের খোঁজ পায়নি। এসময় তিনি কান্নাজড়িত কন্ঠে বলেন, আমি একজন প্রতিবন্ধী ভিক্ষুক মানুষ। ভিক্ষা করে সংসার চালিয়ে ছেলে-মেয়েকে মানুষ করছি। সন্তানকে হারিয়ে ভিক্ষা করতে যেতে পারছি না। আমার খাওয়া-ঘুম নেই, আপনারা আমার ছেলেকে একটু খুঁ◌েজ দেন।
কোটচাঁদপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী নিখোঁজ স্বাধীনের শারীরিক বর্ণনাÑ বয়স ১০ বছর, উচ্চতা-৪ ফুট ৫ ইঞ্চি, গায়ের রং- ফর্সা। জিন্স প্যান্ট ও কালো চেক শার্ট পরিহিত

স্বাধীন সুঠাম দেহের অধিকারী। মুখের আকৃতি গোলাকার ও মাথায় কালো চুল আছে। কাজল বেগম বলেন, আমার ছেলে স্বাধীন প্রায় সময় বাম হাতের কেনুই আঙ্গুল মুখে দিয়ে চোষে।
কোন ব্যক্তি স্বাধীনের সন্ধান পেলে এই মোবাইল নাম্বার ০১৭৮১-৯০৫৮৯২ (স্বাধীনের মা) অথবা ০১৭১৬-০৬৯১৩৪ (প্রতিবেদক) যোগাযোগ করতে অনুরোধ করেছেন সন্তান হারানো প্রতিবন্ধী মা।

ঝিনাইদহে করোনায় আক্রান্তদের পাশে দাঁড়ালো জেলা সোসাইটি ইউএসএ

মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বসবাসকারী ঝিনাইদহের নাগরিকদের সংগঠন ঝিনাইদহ জেলা সোসাইটি ইউএসএ ইনক’ এর পক্ষ থেকে জেলায় করোনায় আক্রান্তদের জন্য অক্সিজেন সিলিন্ডার প্রদাণ করেছে।
এ উপলক্ষে রোববার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মজিবর রহমান। বিশেষ অতিথি হিসেবে ছিলেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, সদর হাসপাতালের তত্ববধায়ক ডাঃ হারুন অর রশিদ। ভার্চুয়ালীঅনুষ্ঠানে যুক্ত হন সংগঠনটির সভাপিত আব্দুল মজিদ, সাধারণ সম্পাদক হাবিব মোঃ আহসানসহ সংগঠনের উপদেষ্টাবৃন্দ। পরে ২৫ টি অক্সিজেন সিলিন্ডার জেলা প্রশাসকের হাতে তুলে দেন সংগঠনের সহসভাপতি জাকারিয়া মিঠু, জাহিদুল ইসলাম। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রবাসী মুক্তিযোদ্ধা আবু জাফর ফিরোজ, সাইফুল রহমান মিঠু ও ইদ্রিস আলি প্রমুখ।
অনুষ্ঠানে সভাপিত আব্দুল মজিদ বলেন, আমরা প্রবাসে থেকেও আমাদের জন্মভুমি কথা আমরা ভুলিনি। করোনাকালিন এই মহামারিতে আক্রান্তদের চিকিৎসার্থে তাদের পাশে থাকতে পেরে ভাল লাগছে। ভবিষ্যতেও আমরা ঝিনাইদহবাসির পাশে থাকতে চাই।

মুজিবনগরে বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিব এর ৯১ তম জন্ম বার্ষিকীতে আলোচনা সভা

মেহেরপুরের মুজিবনগরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এর ৯১ তম জন্ম বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা,সেলাই মেশিন ও আর্থিক সহায়তা বিতরণ অনুষ্ঠিত হয়েছে।
রবিবার সকাল ১১টার সময় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ও উপজেলা প্রশাসন এর আয়োজনে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকার এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্হিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আনিছুজ্জামান খাঁন।
উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার তার বক্তব্য বলেন ৮ আগস্ট ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী, মহিয়সী নারী, বাঙালির সকল লড়াই-সংগ্রাম-আন্দোলনের নেপথ্যের প্রেরণাদাত্রী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯১তম জন্মবার্ষিকী। বিদ্রোহী কবি কাজী নজরুল তাঁর কবিতায় লিখেছিলেন,“বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর”। বেগম মুজিবের জীবনী বিশ্লেষণে আমরা বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের এই কবিতার যথার্থ প্রতিফলন দেখতে পাই। বাংলাদেশ প্রতিষ্ঠার সংগ্রামের প্রতিটি ধাপে বঙ্গবন্ধুর সহধর্মিণী হিসেবে নয়, একজন নীরব দক্ষ সংগঠক হিসেবে যিনি নিজেকে বিলিয়ে দিয়ে বাঙালির মুক্তি সংগ্রামে ভূমিকা রেখেছেন এবং বঙ্গবন্ধুকে হিমালয় সমআসনে অধিষ্ঠিত করেছেন তিনি বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব।সতত প্রেরণাদায়ী বঙ্গমাতা, বাঙালির স্বাধীনতার স্বপ্ন পুরুষ হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বাধীনতা সংগ্রামের সুদীর্ঘ পর্যায়ে যে মহীয়সী নারী, প্রেরণাদায়ী হিসেবে সর্বদায় ছায়ার মতো বঙ্গবন্ধুর আজীবনের সহযোগিতায় ছিলেন তিনিই বঙ্গমাতা শেখ